**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 25-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**TBSE-Exam :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয়গন চৌধুরী জানান, এবছর মাধ্যমিক পরীক্ষার্থী মোট ২৯ হাজার ৭৮১ জন। এর মধ্যে মাদ্রাসা আলিম পরীক্ষার্থী হচ্ছে ১১১ জন। গতকাল উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনের বিষয় ছিল ইংরেজি। এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা ২১ হাজার ৫৭৫ জন। এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক পরিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে তাদের সাফল্য কামনা করেন।

*****************************

**PM-KISAN :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন তাঁর স্বপ্ন হল বিশ্বের প্রতিটি রান্নাঘরে অন্তত একটি করে ভারতের খাবারের উপস্থিতি নিশ্চিত করা। তার সরকার কৃষিপণ্যের রপ্তানি, প্রক্রিয়াকরণ এবং বিপণনকে উৎসাহিত করে এই লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। গতকাল ৯ কোটি ৮০ লক্ষ কৃষককে প্রধানমন্ত্রী কিষাণ প্রকল্পের ১৯তম কিস্তি প্রদানের পর ভাগলপুরে এক জনসভায় একথা বলেন তিনি। এদিন তিনি আর্থিক সহায়তা হিসেবে ২২,৭০০ কোটি টাকা প্রদান করেন। শ্রী মোদী ১০,০০০তম এফপিও গঠনেরও ঘোষণা করেছেন। এর আগে প্রধানমন্ত্রী আজ ৭০০ কোটি টাকারও বেশি মূল্যের কৃষি এবং এর সঙ্গে সম্পর্কিত ক্ষেত্র, রেলওয়ে এবং সংযোগ প্রকল্পের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন।

*****************************

**Kishan Samman Nidhi-State :**

কৃষকদের একাউন্টে প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির কিস্তির অর্থ বন্টন কর্মসূচীর অনুষ্ঠানটি বিহারের ভাগলপুর থেকে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হয় রাজ্যের কৃষি মহকুমা কার্যালয়গুলিতে। গতকাল অরুন্ধতীনগরে কৃষি দপ্তরের ষ্টেট রিসার্চ সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সাংবাদিকদের বলেন, এই প্রকল্পের ১৯তম কিস্তিতে ত্রিপুরায় প্রায় ২ লক্ষ ৮০ হাজার কৃষকের একাউন্টে সরাসরি ৫০ কোটি টাকারও বেশি দেওয়া হয়েছে।

এদিকে, দক্ষিণ জেলার বীরচন্দ্রমনু কৃষি বিজ্ঞান কেন্দ্রে গতকাল প্রধানমন্ত্রীর ভার্চুয়াল ভাষণ শুনেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। সেখানে জেলার ১০০ জন নির্বাচিত কৃষককে কৃষি সামগ্রী প্রদান করা হয়।

*****************************

**Kisan Sanman-Khowai :**

খোয়াই দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রে গতকাল কিষাণ সম্মান সমারোহ ও সব্জি প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। প্রদর্শনীতে মোট ৭৩ জন কৃষক বিভিন্ন ধরনের সব্জি নিয়ে অংশগ্রহণ করেন। এদিন বিজ্ঞান কেন্দ্রের পক্ষ থেকে কৃষকদের উন্নত প্রজাতির ধানের বীজ বিতরণ করা হয়।

***************************

**Press Meet-Cabinet :**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ৩ শতাধিক পদে লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন অর্থ দপ্তরের অধীনে ১৪০টি অডিটর গ্রুপ-সি পদে, বন দপ্তরের অধীনে ১০৪টি গ্রুপ-সি পদে, সমবায় দপ্তরে ৩০টি বিভিন্ন পদে, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে ৩৪টি আইসিডিএস সুপারভাইজার পদে, পর্যটন দপ্তরে পদোন্নতির ভিত্তিতে ২ জন আপার ডিভিশন ক্লার্ক এবং ৩টি গ্রুপ-ডি পদে নিয়োগ

করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে স্বাস্থ্য দপ্তরের অধীনে ২টি বায়ো মেডিকেল ইঞ্জিনীয়ার পদে লোক নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

****************************

**Mahakumbh :**

আগামী বুধবার ২৬শে ফেব্রুয়ারি মহা শিবরাত্রিতে মহাকুম্ভে শেষ অমৃত স্নান উপলক্ষ্যে বিপুল পুন্যার্থী সমাগমের কথা মাথায় রেখে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে উত্তরপ্রদেশ সরকার। ঐদিনই মেলার সমাপ্তি। ইতিমধ্যেই ৬২ কোটিরও বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে পুন্যস্নান করেছেন। এদিকে সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক প্রয়াগরাজের মহাকুম্ভে এ পর্যন্ত ১৬ কোটি টাকারও বেশি মূল্যের প্রায় ১ লক্ষ সহায়ক সরঞ্জাম বিতরণ করেছে। এর ফলে গতকাল পর্যন্ত প্রায় ২১ হাজার প্রবীণ নাগরিক উপকৃত হয়েছেন।

*************************

**Lop Visited Sabroom :**

রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী গতকাল সাব্রুমের মোটর শ্রমিক নেতা প্রয়াত প্রসুন মজুমদারের বাড়িতে গিয়ে তার পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান। গত ১৭ ফেব্রুয়ারি হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিলেন প্রসূন মজুমদার।

***************************

**Job Fair Mohanpur :**

হেজামারা ব্লকের শরৎ চৌধুরী পাড়া উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ে গতকাল মোহনপুর মহকুমাভিত্তিক জব ফেয়ার ও স্কিল মেলা অনুষ্ঠিত হয়। তাছাড়া বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় মেগা প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির। শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা এই মেলা ও শিবিরের উদ্বোধন করেন।

********************************

**Mahila Morcha :**

কেন্দ্রীয় বাজেটের সমর্থনে গতকাল খোয়াই পুরাতন টাউন হলে মহিলা মোর্চার উদ্যোগে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন রাজ্য বিজেপির মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার।

***************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের উদ্বোধনী দিনে উমাকান্ত স্টেডিয়ামে গতকাল পুরুষ বিভাগে ত্রিপুরা ৩-০ গোলে তেলেঙ্গানাকে পরাজিত করেছে। বাকি ম্যাচগুলির মধ্যে উমাকান্ত স্টেডিয়ামে পুরুষ বিভাগে মিজোরাম ও উত্তরপ্রদেশের মধ্যে খেলাটি ১-১ গোলে ড্র হয়। জিরানীয়ার এস এন কলোনী স্টেডিয়ামে পুরুষ বিভাগে কেরালা ৮-০ গোলে মধ্যপ্রদেশকে পরাজিত করে। মোহনপুরের তুলাবাগান স্টেডিয়ামে পুরুষ বিভাগে আসাম রাইফেলস ৩-১ গোলে ওড়িশাকে পরাজিত করেছে। মহিলা বিভাগে উমাকান্ত স্টেডিয়ামে আসাম রাইফেলস ১৯-০ গোলে মহারাষ্ট্রকে হারিয়ে দিয়েছে।

***********************

**Weather :**

আজ আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************